

# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | জেলার খবর | 29 March, 2025

ঈদের আনন্দ যাদের ছুঁতে পারে না এমন দুস্থ ও অসহায় পরিবারের মাঝে বরাবরের মত ত্রাণ বিতরণ করলো চট্টগ্রামের মিরসরাইয়ের স্বেচ্ছাসেবী সমাজ উন্নয়ন সংস্থা শান্তিনীড়।

শুক্রবার (২৮ মার্চ) সংস্থার ১৫তম শান্তিনীড় ত্রাণ বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়। সংস্থার সদস্যবৃন্দ কর্তৃক তালিকাকৃত মধ্যবিত্ত, নিম্নবিত্ত, কর্মহীন ও অসহায় ২৫০টি পরিবারের মাঝে খাবার সামগ্রী পৌঁছে দেয় সংস্থার স্বেচ্ছাসেবীরা। এর মধ্যে ছিল চাল, সেমাই, চিনি, তৈল, মটর ডাল, দুধ, আটা, আলু, লবণ, পিঁয়াজ, চাপাতা, নুডলস। এছাড়া শাড়ি ও নগদ অর্থ বিতরণ করা হয়।

এসময় সংক্ষিপ্ত আলোচনায় অংশগ্রহণ করেন, শান্তিনীড় উপদেষ্টা ও শিক্ষোন্নয়ন বৃত্তির পরীক্ষা নিয়ন্ত্রক মিরসরাই কলেজের সাবেক অধ্যক্ষ নুরুল আবছার দুলাল, সংগঠনের উপদেষ্টা সাবেক কাস্টমস্ কর্মকর্তা কামরুল ইসলাম চৌধুরী, মিরসরাই সমিতি কক্সবাজারের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক ও টেকনাফ উপজেলা মৎস্য কর্মকর্তা দেলোয়ার হোসেন, ঝংকার সংঘের সাবেক সভাপতি হেদায়েত উল্লাহ চৌধুরী, মিরসরাই প্রেসক্লাবের সহ-সভাপতি এবং শান্তিনীড়ের সিনিয়র সহ-সভাপতি মুহাম্মদ দিদারুল আলম, আল হেরা সংস্থার সভাপতি হেলাল উদ্দিন প্রমুখ।

সংস্থার সভাপতি নিজাম উদ্দিনের সভাপতিত্বে ও দুস্থ ও ত্রাণ সম্পাদক আবু সায়েদ'র সঞ্চালনায় এসময় আরো উপস্থিত ছিলেন, সংস্থার সাংগঠনিক সম্পাদক রায়হান চৌধুরী, যুব ও ক্রীড়া সম্পাদক মোঃ আবু বক্কর সিদ্দিক, সিনিয়র সদস্য ইসমাইল হোসেন খোকন, রিয়াজ উদ্দিন, মাসুম সোহান সাদ, নুর ছালাম লিমন, আবদুল আজিজ, নাজমুল হোসেন, তানিম, ঈশান, মাসুদ, সানি, জাহেদুল, ফারদিন খন্দকার, আবদুল্লাহ আল রাহি, মুর্তজা।

সংস্থার দুস্থ ও ত্রাণ সম্পাদক আবু সায়েদ জানান, শান্তিনীড়'র নিয়মিত কার্যক্রমের একটা অংশ সমাজের দুস্থ মানুষের মাঝে ঈদের পূর্বে ত্রাণ বিতরণ কার্যক্রম যা বিগত ১৪ বছর যাবত চলমান কিন্তু চাহিদার পরিমাণে অত্র কার্যক্রম অতীব নগণ্য। ফলশ্রুতিতে অনেক গরীব ও অসহায়দের আমাদের খালি হাতে ফিরিয়ে দিতে হয় যা দেখে আমাদের মনের গভীরে পীড়া দেয়, খুব কষ্ট হয়। তিনি আরও জানান, আমরা মনে প্রাণে বিশ্বাস করি, সমাজের দরিদ্র পীড়িত মানুষদের দুঃখ-কষ্ট লাঘবে বিত্তবানরা সকলে নিজ নিজ এলাকায় এগিয়ে আসবেন।

তিনি আরো জানান, বিগত বছরগুলোর ধারাবাহিকতায় এবারও আমরা উপজেলার ২৫০টি পরিবারের মাঝে ঈদ উপহার হিসেবে উক্ত ত্রাণ বিতরণ কার্যক্রম পরিচালনা করেছি। এতে শান্তিনীড়ের সকল সদস্য, উপদেষ্টামণ্ডলী, পৃষ্ঠপোষক, আজীবন সদস্য এবং শুভানুধ্যায়ীদের মাধ্যমে ফান্ড সংগ্রহ করা হয়েছে।

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 02:58

URL: <https://timestodaybd.com/countrywide/612460154>